

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১  
www.prison.gov.bd

স্মারক নং-৫৮.০৪.০০০০.০৫২.০১.০০১.২০২৫- ২৪

তারিখ- ০৬ পৌষ ১৪৩২  
২৬ ডিসেম্বর ২০২৫

বিষয়: অতি ক্ষুদ্রাকৃতির (Mini/Small) মোবাইল ফোনের অপব্যবহার রোধে বিক্রয় ও বাজারজাতকরণ নিয়ন্ত্রণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি কারাগারগুলোতে (বিশেষত: ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ, কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার) অবৈধভাবে মোবাইল ফোন প্রবেশ ও ব্যবহারের ঘটনা উদ্বেগজনক হারে বেড়েছে। তথ্য বিশ্লেষণে দেখা যায়, এসব ফোনের অধিকাংশই ছোট আকারের (মিনি সাইজের)। অনেক ক্ষেত্রে বৃদ্ধাঙ্গুলির সমান এই ফোনগুলো ওজনে অত্যন্ত হালকা এবং সহজে বহনযোগ্য হওয়ায় শরীরের গোপন অংশে/বিশেষ অংশে লুকিয়ে প্রবেশ করানো যায় এবং তল্লাশীতে ধরা পড়ে না। এসকল ফোনের বেশিরভাগ অবৈধভাবে দেশে প্রবেশ করছে এবং বন্দীরা এসব ফোন ব্যবহার করে কারাগারের ভেতর থেকে চাঁদাবাজি, মাদক ব্যবসা নিয়ন্ত্রণ, অনৈতিক কর্মকান্ড, সন্ত্রাসী/রাজনৈতিক যোগাযোগ ও নিয়ন্ত্রণসহ বিভিন্ন অপরাধ মূলক কার্যক্রম পরিচালনা করছে, যা দেশের আইন শৃঙ্খলা ও নিরাপত্তার জন্য মারাত্মক হুমকি। এ প্রেক্ষাপটে জনস্বার্থ ও জাতীয় নিরাপত্তা বিবেচনাপূর্বক অবৈধভাবে আসা এসব ফোন রোহিতকরণে নিম্নলিখিত ব্যবস্থাসমূহ গ্রহণ করা যেতে পারেঃ

- ক. শুধুমাত্র বিটিআরসি-অনুমোদিত/নিবন্ধিত নির্দিষ্ট ভেন্ডর বা ডিলার কর্তৃক এ ধরনের ফোন বিক্রয়।
- খ. ক্রেতা সনাক্তকরণে প্রয়োজনীয় নথিপত্র (যেমন-NID, পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি) যাচাইকরণ ও সংরক্ষণ।
- গ. ভেন্ডর / ডিলার কর্তৃক বিক্রয়কৃত ফোনের IMEI নম্বর সংরক্ষণ।

সদয় অবলোকনের জন্য ছোট সাইজের মোবাইল ফোনের ছবি সংযুক্ত করা হলো, যা কারাগারে অবৈধভাবে প্রবেশ করানোর চেষ্টা/প্রবেশ করানোর জন্য সাধারণত: ব্যবহৃত হয়।

সংযুক্ত : ১। ছোট সাইজের মোবাইল ফোনের ছবি।

২। নমুনা হিসেবে ছোট সাইজের ০১ টি মোবাইল ফোন।

চেয়ারম্যান

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)

প্লট-ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শের-ই-বাংলা নগর, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপ সচিব (কারা) স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল দপ্তর।
৩. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৪. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৫. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬. জেল সুপার, হসপিটাল/ইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, নাজিম উদ্দিন রোড, ঢাকা।
৭. জেল সুপার, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৯. স্টাফ অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
১০. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর।
১১. গার্ড ফাইল।

২৩/১২/২৫

মো: তানভীর হোসেন

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে-কারা মহাপরিদর্শক

কারা অধিদপ্তর, ঢাকা।

ফোন: ০২৫-৭৩০০৪০০ (দপ্তর)

addl.ig.ops@prison.gov.bd